গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
আইসিটি শাখা
প্রোগ্রামার
সহকারি মেইন্টেন্যান্স ইঞ্জিনিয়ার
সহকারি প্রোগ্রামার
অন্যান্যঃ
ডাইরী নং-৫০২২ তারিখ-০৫/০৯/২৩
স্বাক্ষরঃ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
প্রশাসন অনুবিভাগ-১
প্রশাসন অধিশাখা-১৭
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mohpw.gov.bd.

নম্বর: ২৫.০০.০০০০.০৫৩.০০৬.১২.২০১৯.২৮০

তারিখ: ১৪ ভাদ্র ১৪৩০ বঙ্গাব্দ
২৯ আগস্ট ২০২৩ খ্রিস্টাব্দ

# প্রজ্ঞাপন

The Building Construction Act, 1952 ও Bangladesh National Building Code (BNBC 2020) এর সংশ্লিষ্ট ধারা অনুযায়ী গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের অধীন উন্নয়ন কর্তৃপক্ষসমূহের আওতা বহির্ভুত এবং সিটি কর্পোরেশন ও পৌরসভার আওতাভুক্ত এলাকা ব্যতীত সারাদেশে সুউচ্চ ভবন নির্মাণের যাবতীয় নকশা অনুমোদনসহ নির্মাণ কার্যের সকল পর্যায়ে গুণগত মান বজায় রাখার জন্য ও সকল অংশীজনের স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণের লক্ষ্যে সারাদেশের জন্য নিম্নরূপভাবে Building Construction Committee (BC Committee) গঠন করা হলো:

| | | |
|---|---|---|
| ১। | জেলা প্রশাসক | সভাপতি |
| ২। | পুলিশ সুপার | সদস্য |
| ৩। | প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ | সদস্য |
| ৪। | নির্বাহী প্রকৌশলী, এলজিইডি | সদস্য |
| ৫। | উপজেলা নির্বাহী অফিসার (সকল) | সদস্য |
| ৬। | মেয়র, পৌরসভা (সকল) | সদস্য |
| ৭। | স্থাপত্য অধিদপ্তর-এর প্রতিনিধি | সদস্য |
| ৮। | নগর উন্নয়ন অধিদপ্তর-এর প্রতিনিধি | সদস্য |
| ৯। | নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর (বিল্ডিং অফিসিয়াল/অথরাইজড অফিসার) | সদস্য-সচিব |

## ২. কার্যপরিধি:

ক) এ কমিটি The Building Construction Act 1952, Bangladesh National Building Code 2020 ও সংশ্লিষ্ট অন্যান্য আইন ও বিধিতে বর্ণিত ক্ষমতা ও যাবতীয় কার্যাবলী পরিচালনা করবে;

খ) Bangladesh National Building Code 2020 (Volume 1, Part II) এর ১৭ ধারার ছক (টেবিল) ২.১.১ অনুযায়ী এ কমিটির অধিক্ষেত্র নির্ধারিত/নির্দিষ্ট হবে;

গ) উন্নয়ন কর্তৃপক্ষ, সিটি কর্পোরেশন ও পৌরসভাসমূহের আওতা বহির্ভুত এলাকায় ভবনের ভারবহনের ক্ষমতা যাচাইসহ এর স্থাপত্য, কাঠামোগত, বৈদ্যুতিক, মেক্যানিক্যাল, প্লাম্বিং ইত্যাদি নকশা অনুমোদন করবে। প্রযোজ্য ক্ষেত্রে স্থাপত্য নকশা বিধি অনুযায়ী প্রণীত হয়েছে কিনা সে বিষয়ে স্থাপত্য অধিদপ্তর এবং কাঠামোগত, বৈদ্যুতিক, মেক্যানিক্যাল, প্লাম্বিং ইত্যাদি নিরাপত্তা সংক্রান্ত বিষয়ে গণপূর্ত অধিদপ্তরের পরিকল্পনা ও ডিজাইন (P&D), ই/এম (E/M) উইং কর্তৃক প্রয়োজন অনুযায়ী কারিগরি মতামত গ্রহণ করবে;

ঘ) Bangladesh National Building Code 2020 অনুসারে ভবনের সার্বিক নিরাপত্তা নিশ্চিতকল্পে এ কমিটি বিদ্যমান ইমারত নির্মাণ বিধিমালা ১৯৯৬, অগ্নি নিরাপত্তা আইন ২০০৩, বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫, বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ বিধিমালা ২০২৩ ও এ সংক্রান্ত প্রচলিত সকল আইন/কোড/বিধিমালা/নীতিমালা/ প্রবিধানমালা/পরিপত্র ইত্যাদি যথাযথভাবে অনুসরণ করবে;

ঙ) অনুমোদিত নকশা অনুযায়ী নির্মাণ কার্য তদারকির ক্ষেত্রে কমিটি ভবনের স্থাপত্য ও কাঠামোগত নকশা অনুসরণে পাশাপাশি সেটব্যাক, Maximum Ground Coverage (MGC), Floor Area Ratio (FAR অগ্নিনিরাপত্তা, ভবনের জ্বালানী সক্ষমতা ইত্যাদি বিষয়সমূহ যথাযথভাবে বিবেচনা করবে;

চ) অনুমোদিত নকশা অনুযায়ী নির্মাণ কাজে কোনরূপ ব্যতিক্রম/ব্যত্যয় পরিলক্ষিত হলে কমিটি নির্মাণ কাজ স্থগিত অনুমোদন বাতিলসহ অননুমোদিত অংশ ভেঙ্গে অপসারণের আদেশ জারি করতে পারবে। কমিটি জেলা প্রশাসকে নির্দেশক্রমে মোবাইল কোর্ট পরিচালনার মাধ্যমে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে পারবে;

ছ) প্রযোজ্যক্ষেত্রে আইনানুগ স্বত্বাধিকারীর আবেদনের পরিপ্রেক্ষিতে নিয়ম অনুযায়ী Occupancy Certificate প্রদা করবে;

জ) প্রতিমাসে কমিটির কমপক্ষে একটি সভা অনুষ্ঠিত হবে এবং ন্যূনতম ০৫ (পাঁচ) জন সদস্যের উপস্থিতিতে কোরাম গঠিত হবে; অনুষ্ঠিত প্রত্যেক সভায় কারিগরি সদস্যগণ (স্থপতি, প্রকৌশলী ও নগর পরিকল্পনাবিদ) উপস্থিত থাকবেন;

ঝ) কমিটি সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞ এক/একাধিক সদস্য কো-অপ্ট করতে পারবে, প্রয়োজন অনুযায়ী সংশ্লিষ্ট বিষয়ে বিশেষজ্ঞ/বিশেষজ্ঞ প্যানেল (Panel of Experts) গঠন করে তাদের মতামতের ভিত্তিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে;

ঞ) কমিটি প্রতি ০৩ (তিন) মাস পর পর গৃহীত কার্যক্রম সম্পর্কে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ে প্রতিবেদন প্রেরণ করবে। অধিকন্তু কমিটি প্রয়োজন অনুযায়ী গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়কে সুনির্দিষ্ট মতামত/সুপারিশ প্রেরণ করবে;

ট) কমিটি স্থানীয় সরকার বিভাগ কর্তৃক পৌরসভার অধিক্ষেত্রে গঠিত বিসি কমিটির সিদ্ধান্ত অনুমোদন, কার্যক্রম সমন্বয় ও পরিবীক্ষণ করবে। পৌরসভার অধীন এলাকার কোন নির্মাণকাজে Bangladesh National Building Code-এর কোনরূপ ব্যত্যয়/ব্যাতিক্রম পরিলক্ষিত হলে এ কমিটি, জেলা প্রশাসকের নির্দেশক্রমে, মোবাইল কোর্ট পরিচালনার মাধ্যমে The Building Construction Act, 1952-এর ১২ ধারা মোতাবেক আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে পারবে;

ঠ) কমিটি প্রযোজ্য ক্ষেত্রে পরিবেশ অধিদপ্তর, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর ও সংশ্লিষ্ট অন্যান্য দপ্তরসমূহের প্রতিবেদন/মতামত গ্রহণ করতে পারবে।

৩. গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় থেকে ২২ মার্চ ২০২২ তারিখের ২৫.০০.০০০০.০১৯.৯৯.০০৫.১৩-১৬৩ নম্বর স্মারকে জারিকৃত প্রজ্ঞাপনটি এ প্রজ্ঞাপন জারির তারিখ হতে অকার্যকর মর্মে গণ্য হবে।

৪. যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

২৯/০৮/২০২৩

(মুহাম্মদ সোহেল হাসান)
যুগ্মসচিব
ফোন: ৫৫১০০৮১২
Email: adminsection17@mohpw.gov.bd

নম্বরঃ ২৫.০০.০০০০.০৫৩.০০৬.১২.২০১৯.২৮০

তারিখ: ১৪ ভাদ্র ১৪৩০ বঙ্গাব্দ
২৯ আগস্ট ২০২৩ খ্রিস্টাব্দ

বিতরণ: সদয় কার্যার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
০২. সিনিয়র সচিব/সচিব ...................................................... সকল মন্ত্রণালয়/বিভাগ। তাঁর আওতাধীন মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/সংস্থা/প্রতিষ্ঠানকে অবহিতকরণের অনুরোধসহ)।
০৩. চেয়ারম্যান (সচিব), রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, রাজউক ভবন, ঢাকা।
০৪. মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর, ঢাকা।
০৫. প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
০৬. প্রধান স্থপতি, স্থাপত্য অধিদপ্তর, স্থাপত্য ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
০৭. প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
০৮. চেয়ারম্যান, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ/খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ/রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ/কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষ/গাজীপুর উন্নয়ন কর্তৃপক্ষ।
০৯. পরিচালক, নগর উন্নয়ন অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
১০. চেয়ারম্যান, জেলা পরিষদ, (সকল)।
১১. প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ।
১২. জেলা প্রশাসক, ..........................................................................।
১৩. পুলিশ সুপার, ..........................................................................।
১৪. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৫. সচিবের একান্ত সচিব (উপসচিব), গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৬. মেয়র, পৌরসভা, (সকল)।
১৭. চেয়ারম্যান, উপজেলা পরিষদ (সকল)।
১৮. উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা পরিষদ (সকল)।
১৯. উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি পরবর্তী গেজেটে প্রকাশের অনুরোধসহ)।
২০. সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি এ মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

২৯।০৮।২০২৩

(মুহাম্মদ সোহেল হাসান)
যুগ্মসচিব

*My documents/Sec-6/Progapon-6*